

'পাছে লোকে কিছু বলে' কবিতার কবি কামিনী রায়

কামিনী রায় (জন্ম : অক্টোবর ১২, ১৮৬৪ - মৃত্যু: সেপ্টেম্বর ২৭, ১৯৩৩)। জন্ম- বাসগুা, ঝালকাঠি। বাবা- চণ্ডীচরণ সেন, মা- বামাসুন্দরী, স্বামী- কেদারনাথ রায়। জনৈক বঙ্গমহিলা ছদ্মনামটি ব্যবহার করেছেন কোনো কোনো লেখায়। রচিত গ্রন্থ - আলো ও ছায়া, মালা ও নির্মাল্য, পৌরাণিকী, দীপ ও ধূপ, জীবনপথে, গুঞ্জন, অশোক সংগীত ; নাটক - অস্বা, সিতিমা; অনুবাদ - ধর্মপুত্র ইত্যাদি। জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি জানাই। স্কুলে পড়েছি তাঁর লেখা ' পাছে লোকে কিছু বলে ' কবিতাটি।

১০০ বছর আগে লেখা কবিতাটির 'পাছে কিছু বলা' লোকগুলো আজও পাল্টালো না! সেই ভয়ে কাজ না করা মানুষগুলোও রয়ে গেল!

১২ অক্টোবর ছিল কবির জন্মদিন। জন্মদিনে কবি কামিনী রায়ের প্রতি রইল শ্রদ্ধা।

পাছে লোকে কিছু বলে  
কামিনী রায়

করিতে পারি না কাজ  
সদা ভয় সদা লাজ  
সংশয়ে সংকল্প সদা টলে –  
পাছে লোকে কিছু বলে।  
আড়ালে আড়ালে থাকি  
নীর্বে আপনা ঢাকি,  
সম্মুখে চরণ নাহি চলে  
পাছে লোকে কিছু বলে।  
হৃদয়ে বুদবুদ মত  
উঠে চিন্তা শুভ্র কত,  
মিশে যায় হৃদয়ের তলে,  
পাছে লোকে কিছু বলে।  
কাঁদে প্রাণ যবে আঁখি  
সযতনে শুকায়ে রাখি;-  
নিরমল নয়নের জলে,  
পাছে লোকে কিছু বলে।  
একটি স্নেহের কথা  
প্রশমিতে পারে ব্যথা –  
চলে যাই উপেক্ষার ছলে,  
পাছে লোকে কিছু বলে।

মহৎ উদ্দেশ্য যবে,  
এক সাথে মিলে সবে,  
পারি না মিলিতে সেই দলে,  
পাছে লোকে কিছু বলে।  
বিধাতা দেছেন প্রাণ  
থাকি সদা ম্লিয়মাণ;  
শক্তি মরে ভীতির কবলে,  
পাছে লোকে কিছু বলে।